JAN. 10 2002

যুগান্তর

তারিখ ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৮ কলাম ৮

# আজ সরকারি ৮টি স্কুলে ভর্তি পরীক্ষা

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

রাজধানীর স্কুলগুলোতে ভর্তিযুদ্ধ চলছে। আজ 'বি' গ্রুপের সরকারি ৮টি স্কুলের ভর্তি পরীক্ষা : পৃষ্ঠা : ২ কলাম : ৮

## পরীক্ষা : ভর্তি

(১ম পৃষ্ঠার পর)

পরীক্ষা অনুষ্ঠিত হবে। গতকাল বুধবার ছিল আইডিয়াল স্কুলের বনশ্রী শাখার ভর্তি পরীক্ষা। নগরীর এসব নামিদামি স্কুলে অভিভাবকরা তাদের সন্তানদের ভর্তি করাতে প্রাণান্ত প্রচেষ্টা চালাচ্ছেন। হরতালের কারণে আইডিয়াল স্কুলের পরীক্ষা সকাল ১০টার পরিবর্তে দুপুর আড়াইটায় শুরু হয়। অনেক অভিভাবক তাদের সন্তানদের নিয়ে বনশ্রী শাখায় যান। কিন্তু ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে মতিঝিলের মূল শাখায়। ফলে অনেক শিশু শিক্ষার্থীকে পরীক্ষা শুরুর পরে তড়িঘড়ি করে পরীক্ষা কেন্দ্রে যেতে হয়েছে। দ্বিতীয় থেকে নবম শ্রেণীর প্রায় দু'শ আসনের বিপরীতে পরীক্ষায় অংশ নিয়েছে ২ হাজার ৬০ জন ছাত্রছাত্রী। আগামীকাল অনুষ্ঠিত হবে একই শাখার প্রথম শ্রেণীর ভর্তি পরীক্ষা।

আজ যে ৮টি সরকারি স্কুলের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে সেসব স্কুল হচ্ছে– মতিঝিল সরকারি বালক বিদ্যালয়, নারিন্দা সরকারি উচ্চ বিদ্যালয়, ঢাকা গভর্নমেন্ট মুসলিম হাই স্কুল, বাংলাবাজার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর সরকারি বালক বিদ্যালয়, সরকারি বিজ্ঞান কলেজ (স্কুল শাখা), ধানমন্ডি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ও আরমানিটোলা সরকারি উচ্চ বিদ্যালয়। এছাড়া আজ ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুলের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

'সি' গ্রুপের বাকি ৮টি সরকারি স্কুলের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ১২ জানুয়ারি। গত ৮ জানুয়ারি অনুষ্ঠিত 'এ' গ্রুপের ৮টি স্কুলের ভর্তি পরীক্ষার ফলাফল আগামীকাল ঘোষণা করা হতে পারে বলে জানা গেছে।